

তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটির সভার কার্যবিবরণী


সভাপতি : আব্দুল জলিল  
জেলা প্রশাসক, রাজশাহী  
সভার তারিখ : ১৭ জুলাই ২০২২  
সভার সময় : দুপুর ১২:১৫ টা  
স্থান : জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী এর সম্মেলন কক্ষ

সভাপতি কর্তৃক সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। তথ্য অধিকার বাস্তবায়নে রাজশাহী জেলার অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটির ও উপজেলা কমিটির সকল দপ্তর প্রধানকে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে বলে সভাপতি মতামত ব্যক্ত করেন। তিনি আরো বলেন, তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিত করার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার তথ্য অধিকার আইন, ২০০৯ প্রণয়ন করেছেন। তথ্য অধিকার বাস্তবায়নের নিমিত্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে তথ্য অধিকার আইন, ২০০৯ এর আলোকে কার্যক্রম গ্রহণের জন্য তিনি নির্দেশনা প্রদান করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও সদস্য-সচিব সভার উপস্থাপনা করেন। সভায় নিম্নরূপ আলোচনা করা হয় এবং আলোচনামতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের ০৮ জ্যৈষ্ঠ ১৪২৫/২২ মে ২০১৮ তারিখের ০৪.০০.০০০০.৮২৩.৭৯.০০৯.১৮.০৪৪নং প্রজ্ঞাপনের ২নং অনুচ্ছেদ অনুযায়ী তথ্য অধিকার আইন বাস্তবায়ন ও পরিবীক্ষণ জেলা ও উপজেলা কমিটি প্রতি দুই মাসে একবার সভায় মিলিত হতে হবে এবং উক্ত সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগ, তথ্য কমিশন, বিভাগীয় কমিশনার এবং উপজেলা পর্যায়ে আয়োজিত সভার কার্যবিবরণী জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করার নির্দেশনা রয়েছে।	তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা ও উপজেলা কমিটি কর্তৃক প্রতি দুই মাসে একবার সভা আহ্বান করে কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলকে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।	১. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী ২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী
০২	সভাপতি তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী নির্দিষ্ট ফরমে অথবা প্রয়োজনে সাদা কাগজে তথ্য চেয়ে আবেদন করলেও জরুরী ভিত্তিতে তথ্য প্রদান করার অনুরোধ জানান। তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার অনুরোধ জানান।	প্রত্যেক বিভাগ/ দপ্তরকে জনসাধারণের চাহিত তথ্যাদি জরুরীভাবে প্রদানের ব্যবস্থা নিতে হবে।	বিভাগীয় প্রধান/ দপ্তর প্রধান (সকল), রাজশাহী
০৩	সভাপতি সভাকে অবহিত করেন যে, ০৬ জুন ২০২২ তারিখে জেলা পর্যায়ের সকল কর্মকর্তাকে তথ্য অধিকার প্রশিক্ষণ প্রদান করা হয় এবং একই দিনে তথ্য অধিকার বিষয়ে জনসচেতনতামূলক অবহিত সভারও আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণ ও সভায় মাননীয় তথ্য কমিশনার উপস্থিত ছিলেন।	তথ্য অধিকার বিষয়ক প্রশিক্ষণ ও সভা সুষ্ঠুভাবে পরিচালনায় সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।	বিভাগীয় প্রধান/ দপ্তর প্রধান (সকল), রাজশাহী
০৪.	কমিটির সদস্য-সচিব জানান যে, এ জেলা ও উপজেলায় তথ্য প্রদান ইউনিটের সংখ্যা ৩৪৭, নিয়োগকৃত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা ৩৪৭, নিয়োগকৃত বিকল্প কর্মকর্তার সংখ্যা ৩৩৭, আপীল কর্তৃপক্ষের সংখ্যা ৭৫, অনলাইন প্রশিক্ষণ সম্পন্নকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা ৬২২। সভাপতি জেলার নিয়োগকৃত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষকে স্ব-প্রণোদিত হয়ে তথ্য প্রকাশের পদক্ষেপ নিয়ে তা ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নেয়ার অনুরোধ করেন।	প্রত্যেক বিভাগ/ দপ্তর কর্তৃক তাদের কর্মকাণ্ডের প্রকাশিতব্য তথ্য স্ব-প্রণোদিত হয়ে ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে হবে।	বিভাগীয় প্রধান/ দপ্তর প্রধান (সকল), রাজশাহী
০৫	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী সভাকে অবহিত করেন যে, জেলা পর্যায়ে ৭৭ টি দপ্তরে অনলাইনে কোর্স সম্পন্নকারী কর্মকর্তার ১৭২ জন। উপজেলা পর্যায়ে অনলাইনে কোর্স সম্পন্নকারী কর্মকর্তার সংখ্যা ৪৫০ জন। সভাপতি তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নে তথ্য প্রদানকারী কর্মকর্তাদের অনলাইনে প্রশিক্ষণ গ্রহণ করে অত্র কার্যালয়ে প্রশিক্ষণ সার্টিফিকেট দাখিল করার জন্য সকলকে অনুরোধ জানান।	তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নে তথ্য প্রদানকারী কর্মকর্তাদের অনলাইনে প্রশিক্ষণ গ্রহণ করে অত্র কার্যালয়ে প্রশিক্ষণ সার্টিফিকেট দাখিল করতে হবে।	বিভাগীয় প্রধান/ দপ্তর প্রধান (সকল), রাজশাহী

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০৬	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী সভাকে পুনরায় অনুরোধ জানান যে, বিভাগীয় প্রত্যেক অফিস স্ব স্ব বিভাগের তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োগ করবেন এবং রাজশাহী পোর্টালে তাদের নিজ নিজ দপ্তরের তথ্য প্রদানকারী কর্মকর্তার তথ্য নিয়মিত হালনাগাদ করবেন।	বিভাগীয় প্রত্যেক অফিস স্ব স্ব বিভাগের তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োগ প্রদান এবং পোর্টালে উক্ত কর্মকর্তার তথ্য নিয়মিত হালনাগাদ করবেন" মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।	বিভাগীয় প্রধান/ দপ্তর প্রধান (সকল), রাজশাহী
০৭	সভাপতি তথ্য কমিশনের এ দায়িত্ব সুচারুরূপে সম্পাদনের জন্য নিয়োগকৃত সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য অধিকার বাস্তবায়নে সহযোগিতা করতে অনুরোধ করেন। এছাড়া যেহেতু তথ্য অধিকার আইন জনসাধারণের জন্য তৈরী হয়েছে সুতরাং তাদের অধিকারের বিষয়টি মাথায় রেখে কাজ করতে সভাপতি কমিটির সকল সদস্যকে অনুরোধ করেন। তিনি তথ্য অধিকার আইন অনুযায়ী কর্মতৎপরতা বাড়াতে ও জনসাধারণকে তথ্য অধিকার আইন সম্পর্কে অবগত করার জন্য সরকারি দপ্তরগুলির ওয়েব পোর্টালে প্রকাশ, সিটিজেন চার্টার দৃশ্যমান স্থানে রাখতে অনুরোধ জানান।	তথ্য অধিকার আইন বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা ও উপজেলা কমিটিকে কার্যকরী ভূমিকা পালন করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হলো।	সম্মানিত সদস্যগণ (সকল)

অন্য কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



আব্দুল জলিল  
জেলা প্রশাসক  
রাজশাহী

ফোন নম্বর ৮৮-০২৫৮৮-৫৭০৫০ (অফিস)  
ই-মেইলঃ dcrajshahi@mopa.gov.bd



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়  
রাজশাহী


নম্বর: ০৫.৪৩.৮১০০.০৩৪.০৪.০০১.২২. **৪৮(৬৮)**

তারিখ: **২০** শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ  
**২৫** জুলাই ২০২২ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩) সচিব, সচিবের দপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪) সচিব, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা
- ৫) বিভাগীয় কমিশনার, রাজশাহী
- ৬) উপজেলা নির্বাহী অফিসার, (সকল), রাজশাহী
- ১০) .....

রাজশাহী



২৪.০৭.২০২২

(সানিয়া বিনতে আফজল)

সহকারী কমিশনার

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী